মেহেরপুরে স্বাভাবিক হচ্ছে করোনা পরিস্থিতি

মেহেরপুরে স্বাভাবিক হচ্ছে করোনা পরিস্থিতি। করোনা পজিটিভ রোগীর সংখ্যা কমে আসছে। গত দশ দিনে ১৭৮টি প্রাপ্ত রিপোর্টের মধ্যে পজিটিভ হয়েছে মাত্র ২১টি। মেহেরপুরে এ পর্যন্ত করোনা পজিটিভ রোগীর সংখ্যা ৫৯৯জন। এদের মধ্যে মৃত্যু বরণ করেছে ১৫ জন। সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন ৫০৫ জন এবং অন্যত্র রেফার্ড হয়েছেন ৪৬ জন। বর্মমানে চিকিংসাধীন আছে ২৮ জন। এদের মধ্যে মেহেরপুর সদরে ৯ জন, গাংনীতে ১২জন ও মুজিবনগরে ৭ জন।

করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সাথে সাথে স্বাভাবিক হচ্ছে জীবনযাত্রা। শিক্ষা প্রতিষ্ঠান ব্যতিত সকল সরকারি বেসরকারি প্রতিষ্টানে কাজের গতি ফিরেছে। তবে ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে রাত ৮টার মধ্যে বন্ধ করার নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন। সেই সাথে প্রতিটি সরকারি বেসরকারি প্রতিষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। পাশা পাশি করোনার দ্বিতীয় ধাক্কা সামলানোর সকল প্রস্তুতি গ্রহন করছে জেলা স্বাস্থ্য বিভাগ ও জেলা প্রশাসন।

জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য বিভাগ জেলা পুলিশ প্রশাসনের জোর তদারকি থাকছে করোনা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে। স্বাস্থ্যবিধি মানাতে জেলা প্রশাসনের অভিযান, বিভিন্ন গনপরিবহন ও সড়কে সাধারণ জনগনের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত মাঠে থাকছে জেলা পুলিশ। তবে শহরের চাইতে গ্রাম অঞ্চলে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তেমন কোন ভুমিকা নেই প্রাশসনের।

এছাড়াও বিভিন্ন এলাকা ঘুেও দেখা যায়, সাধারণ মানুষ প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলার ব্যাপােও উদাসিন। বেশিরভাগ মানুষিই মুখে মাস্ক ব্যবহার করছে না। বিভিন্ন মার্কেটে ও ব্যবসা প্রতিষ্ঠানে ঢুকতে কিছুদিন আগেও জ¦র মেপে ও জীবানুমুক্তকরণ করে মাধ্যমে প্রবেশে বাধ্যবাধকতা থাকলেও বর্তমানে ঢিলেঢালা ভাব লক্ষ্য করা হচ্ছে।

আসন্ন শীতে করোনার দ্বিতীয় ওয়েভে শুরু হওয়ার আশঙ্খায় মাস্ক ব্যবহার নিশ্চিত করতে কঠোর হচ্ছে সরকার। গত ২১ সেপ্টেম্বর

মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম এ বিষয়ে বলেন, করোনা পরিস্থতি নিয়ে মন্ত্রিপরিষদ সভায় আলোচনা হয়েছে। শীত প্রধান দেশে করোনার দ্বিতীয় দফায় সংক্রমন হচ্ছে। আমাদের দেশে নভেম্বরে সেকেন্ড ওয়েভ আসে কিনা প্রস্তত থাকতে হবে।

সে লক্ষ্যে মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ পুরোপুরি প্রস্তুত আছে দাবি করে সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বলেন, করোনা সংক্রমনের শুরু থেকে এখন পর্যন্ত আমরা ধারাবাহিক ভাবে কাজ করে যাচ্ছি। দ্বিতীয় পর্যায়ে করোনা সংক্রমন যদি ঘটে আমরা সেজন্য প্রস্তুত আছি। আমরা আশা করি আগামী শনিবার থেকে আমরা মেহেরপুরেই করোনা সংক্রমন পরীক্ষা করতে পারবো। সেলক্ষে কাজ চলছে। আর যে কোন পরিস্থতিতেই করোনা নিয়ন্ত্রনের জন্য জেলা প্রশাসন, জেলা স্বাস্থ্য বিভাগ ও পুলিশ প্রশাসন সকল কর্মকান্ড অব্যাহত রেখেছে।

সকলে মিলে কাজ করলে গাংনী হবে মডেল পৌরসভা

গাংনী মাইক্রোবাস চালক সমিতির শ্রমিকদের সাথে শুভেচ্ছা ও মত বিনিময়কালে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, শ্রমিকদের দুঃখ দেখলে আমার প্রাণ কাঁদে। আমিও একজন শ্রমিক। যখন যেখানে শ্রমিক ভাইদের বিপদের কথা শুনতে পাই তখনই তাদের পাশে দাঁড়াবার চেষ্টা করি। সকলে মিলে কাজ করলে গাংনী হবে বাংলাদেশের মডেল পৌরসভা।

এ পৌরসভাকে তিলোত্তমা পৌরসভা হিসেবে গোড়ে তোলার প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হয়েছিলাম। সামনে আর অল্প সময় হাতে আছে। গাংনী পৌরসভাকে তিলোত্তমা পৌরসভা করতে যা করণীয় তা চলমান রয়েছে। আবারও সামনে পৌর নির্বাচনের কথা ভাবছেন নির্বাচন কমিশন। আমি কতটুকু কাজ করেছি তা জনগণই বিচার বিশ্লেষণ করবেন। গাংনী পৌরসভার পানি নিষ্কাশন ব্যবস্থা করা হয়েছে। ওয়াটারপ্লান্ট স্থাপনের জন্য ৫৫ কোটি টাকার কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে। স্থান নির্বাচন ও কাজের অর্ডার হয়েছে।

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ব্যক্তিগত তহবিল থেকে ২৫

কোটি টাকার বরাদ্দ পাওয়া গেছে। সে টাকার কাজ শুরুর পরিকল্পনা করা হবে। গাংনীতে একটি বঙ্গবন্ধু সুপার মার্কেট নির্মাণ করা হবে। সুপার মার্কেটের দ্বিতীয় তলায় আমার শ্রমিক ভাইদের জন্য একটি অফিস বরাদ্দ দেয়া হবে। গাংনীর বিভিন্ন সড়ক উন্নয়ন করা হয়েছে। অনেক সড়ক দখলবাজদের কাছ থেকে দখল মুক্ত করে এইচবিবি করার কাজ চলমান রয়েছে।

তিনি বলেন, গাংনী পৌরসভার পুরো এলাকা সড়ক বাতি স্থাপন করা হয়েছে যা আর কেউ করেননি। করোনা পরিস্থিতিতে গাংনীর অনেক বিত্তবান মানুষ গর্তে ঢুকে পড়েছিল। গর্ত থেকে মুখ বের করে শুধু দেখেছেন শ্রমিক ভাইদের সহযোগীতা করেননি। আমি প্রতিটি শ্রমিক ভাইদের বাড়ি বাড়ি রাতের আধারে খাবার সরবরাহ করেছি। অনেকেই বিত্তবান ছিলেন তারা দুটি করে আলু কিনে সহায়তা করতে পারেননি বরং এলাকা ছাড়া হয়ে পালিয়ে ছিলেন। এখন তারা বড় গলায় কথা বলে প্রতিশ্রুতির ফুলঝুরি ছড়াচ্ছেন। জনগণ আপনাদের চিহ্নিত করে রেখেছে। মঙ্গলবার বিকেলে গাংনী মাইক্রোবাস চালক সমিতি শুভেচ্ছা ও মত বিনিময় সভার আয়োজন করে।

মাইক্রোবাস চালক সমিতির সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর মেয়র আশরাফুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মটর শ্রমিক ইউনিয়নের গাংনী উপজেলা শাখার সভাপতি জমির উদ্দিন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ।

মটর শ্রমিক ইউনিয়ন গাংনী উপজেলা শাখার কার্যকরি সভাপতি এনামুল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন মাইক্রো বাস চালক সমিতির সাধারণ সম্পাদক রনি বিশ্বাস ও উস্তাদ আকালি হোসেন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ। এসময় মাইক্রোবাস চালক সমিতির সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন। এসময় শ্রমিকদের উন্নয়নের জন্য তাদের অফিস মেরামতের সকল দায়িত্বভার গ্রহণ করেন মেয়র আশরাফুল ইসলাম।

শেখ হাসিনা মানবতা দেখিয়ে

খালেদা জিয়াকে মুক্তি দিয়েছিল-কুষ্টিয়ায় এমপি হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যে মানবতা দেখিয়ে বেগম খালেদা জিয়াকে নির্বাহী আদেশে মুক্তি দিয়েছিল তার জন্য বিএনপির কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত ছিল। কিন্তু সেটা না করে উল্টো সরকারের বিরুদ্ধে বিএনপি নেতাদের বিষেদাগার, নোংড়া রাজনীতির বহিঃ প্রকাশ।

মঙ্গলবার(২২ সেপ্টেম্বর) দুপুরে কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ব্যবস্থাপনা কমিটির সভায় যোগ দেয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

“বিএনপির শীর্ষ পর্যায়ের নেতারা বেগম খালেদা জিয়ার স্বাস্থ্য ও চিকিৎসা নিয়ে নোংরা রাজনীতি করছেন” মন্তব্য করে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, বেগম খালেদা জিয়া আইনী প্রক্রিয়ায় মুক্ত হয়নি, শেখ হাসিনার মানবিকতার কারণে তিনি মুক্তি পেয়েছেন। এরপরেও কোন লজ্জায় বিএনপি নেতারা সরকারকে দোষারোপ করে তা বোধগম্য নয়।

এ সময় কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. আসলাম হোসেন, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলীসহ আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় নদীতে গোসল করতে নেমে এক বৃদ্ধা দুইদিন ধরে নিখোঁজ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার কামারপাড়া বারাদিতে ওয়াজেদ আলী
(৬৫) নামের এক বৃদ্ধা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে দুই দিনেও সন্ধান মেলেনি।

এ ঘটনায় দর্শনা লোকনাথপুর ফায়ার সার্ভিসের চৌকস দল পরিদর্শন করেছেন পরিদর্শন শেষে এ বিষয়ে সাব অফিসার হাবিবুর রহমান বলেন, দর্শনা থানার সীমান্তবর্তী এলাকা কামারপাড়া বারাদির বিজিবি ক্যাম্পের পাশে গত ২১ তারিখ সোমবার ওয়াজেদ আলী (৬৫) একজন বৃদ্ধা দুপুর ২ টায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে দুই দিন ধরে নিখোঁজ হয়।

স্থানীয় এলাকাবাসী নদীতে অনেক খোজাখুজির পরেও তার কোনো খোঁজ পায়নি। পরে ২২ তারিখ মঙ্গলবার সকালে স্থানীয় লোকজন খোঁজাখুঁজি সময় একজনের পায়ে বাদে এরপর ও তারা তাকে উদ্ধার করতে পারেনি, আর বিষয়টি বাংলাদেশ-ভারত সীমান্ত বলে পরবর্তীতে আর কোন খোঁজার সুযোগ হয়নি।

বিজিবি ক্যাম্প ইনচার্জ বলেন, এটি একটি আন্তর্জাতিক বিষয় উপর লেভেলের অনুমতি ছাড়া এই কাজ করা সম্ভব নয় ।

ফায়ার সার্ভিসের সাব অফিসার হাফিজুর রহমান বলেন, এখানকার পরিস্থিতি দেখে মনে হচ্ছে লাশটি ভেসে ভারতে চলে গেছে এজন্য আমি আমার উপরের লেভেলের কর্মকর্তার সাথে কথা বলে এখন আমি আমার কর্মস্থলে ফিরে যাচ্ছি।

এ বিষয়ে পারিবারিক সূত্রে জানা গেছে দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের কামারপাড়া বারাদি বিজিবি ক্যাম্প সংলগ্ন পিতা মৃত আক্কাচ আলী মন্ডল এর ছেলে ওয়াজেদ আলী বাড়ি থেকে দুপুর দেড়টার সময় বের হয়ে মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায় তার আসতে দেরি হয় দেখে অনেক খোঁজাখুঁজি করা হয় কিন্তু তার কোন খোঁজ মেলেনি, পরিবারে বইছে শোকের ছায়া।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উদ্যোগে প্রশিক্ষণ

মেহেরপুরের গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বামুন্দি এর উদ্যোগে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন বিষয়ে

প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এরই ধারাবাহিকতায় মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা প্রাণী সম্পদ অফিসারের কার্যালয় চত্বরে এ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

বামন্দী সাব-স্টেশনের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার ইছাহক আলী বিশ্বাস ও লিডার মহিউদ্দিন এ প্রশিক্ষণের নেতৃত্ব দেন। প্রশিক্ষণে পেট্রোল, অকটেন থেকে আগুন বা অফিস অথবা বাসা বাডীতে গ্যাস সিলিন্ডার বা অন্য কোনভাবে হঠাৎ আগুন লাগলে করণীয় বিষয়ে প্র্যাকটিক্যালে মহড়া দেখানো ও শেখানো হয়।

এ সময় প্রাণী সম্পদ অফিসার ডাঃ মোস্তফা জামান, উপ-সহকারী প্রাণী সম্পদ কর্মকর্তা (প্রাণী স্বাস্থ্য) আলী হোসেন, অফিস সহকারী/ কম্পিউটার অপারেটর মহিউজ্জামান রেজা, সহ সকল কর্মচারী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

শারমীন মৌসুমী কেকাকে আওয়ামী লীগ থেকে বহিষ্কারের সিদ্ধান্ত

ঝালকাঠি জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক শারমীন মৌসুমী কেকাকে দল থেকে বহিষ্কার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় তাকে বহিষ্কারের সিদ্ধান্ত গৃহিত হয়।

সোমবার সন্ধ্যায় শহরের টাউন হলের জেলা আওয়ামী লীগের এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও জেলা পরিষদ চেয়ারম্যান সরদার মো. শাহআলম।

জেলা আওয়ামী লীগের প্রচার সম্পাদক অ্যাডভোকেট এম আলম খান কামাল জানান, দলীয় ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগে জেলা আওয়ামী লীগের এক জরুরি সভায় সর্বসম্মতিক্রমে সাংগঠনিক সম্পাদক শারমিন মৌসূমী কেকাকে বহিষ্কারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। আওয়ামী লীগের গঠনতন্ত্র অনুযায়ী তার বিরুদ্ধে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে বলেও

জানান তিনি।

উল্লেখ্য, গত ৩০ আগস্ট রাত ৮টার দিকে এক গৃহবধূকে জিম্মি করে সারারাত নির্যাতন শেষে মুক্তিপণ আদায় ও মাথার চুল কেটে শরীরের বিভিন্ন স্থানে চুন মাখিয়ে দেন আওয়ামী লীগ নেত্রী শারমিন মৌসূমী কেকা ও তার লোকজন। এ সময় ওই নির্যাতিত নারীর বিনীত অনুরোধে তার প্রাণ ভিক্ষা দেয়ার কথা বলে এ কথা কাউকে জানালে আগুন ধরিয়ে দেয়ারও হুমকি দেয়া হয়।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরের পাঁচ তরুণের কেওক্রাডং জয়

রাশিদুল ইসলাম রনি, উজ্জল খান, সুমন রেজা, এনামুল হক ও মুহাইমিনুল ইসলাম মিলন। এই চার তরুণ বাংলাদেশের ২য় সর্বোচ্চ কেওক্রাডং জয় করেছেন। ৩২৩৫ ফুট উচু এ পর্বত জয় করে তারা তার সর্বোচ্চ চুড়ায় বাংলাদেশ পতাকা উড়িয়েছে।

গত রবিবার তারা এই পাঁচ তরুণ পর্বত জয় করেন। এর আগে তারা কেওক্রাডং এর উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করেন বৃহস্পতিবার। কেওক্রাডং জয়ের আগে তারা বান্দরবানের বিভিন্ন পর্যটন কেন্দ্রগুলো পরিদর্শন করেন । আজ তাদের মেহেরপুর ফেরার কথা রয়েছে।

মেহেরপুরের দরবেশপুরে জোড়া

খুন মামলায় আরো এক আসামীর আত্মসমর্পণ

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের জোড়া খুনের মামলায় মুক্তি খাতুন নামের এক মহিলা আদালতে আত্মসমর্পণ করেছেন।

সোমবার দুপুরের দিকে মুক্তি খাতুন মেহেরপুর জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে আত্মসমর্পণ করলে বিচারক মোহাম্মদ শাহিন রেজা তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। মুক্তি খাতুন নতুন দরবেশপুর গ্রামের ওয়াজ কুরুনীর স্ত্রী। এনিয়ে দরবেশপুর গ্রামের জোড়া খুন মামলায় মোট ১১ জনকে কারাগারে পাঠানো হয়েছে।

উল্লেখ্য, ২০১৯ সালের ১২ সেপ্টেম্বর রাতে মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে রোকনুজ্জামান ও হাসানুজ্জামান নামের দুই ব্যক্তি কে নির্মমভাবে হত্যা করা হয়।
ওই ঘটনায় মামলা দায়েরের পর তদন্তকারী কর্মকর্তা মেহেরপুর সদর থানার এসআই আহসান হাবীব এর আগে মোট ১০ জন আসামিকে আটক করেছেন।

আটক ব্যক্তিদের মধ্যে একাধিক ব্যক্তি আদালত স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

মেহেরপুরে শুভ সংঘের আলোচনা সভা, কমিটি অভিষেক

করোনাকালে স্বাস্থ্য সুরক্ষায় সচেতনতা মূলক পথ র্যালী কর্মসূচী পালন করার লক্ষে কালের কণ্ঠ-শুভ মেহেরপুর জেলা শাখার আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সোমবার বিকালে মেহেরপুরের ছহিউদ্দিন ডিগ্রি কলেজ ক্যাম্পাস চত্বরে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন শুভ সংঘ মেহেরপুর জেলা শাখার সভাপতি ও ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আযীম ।

জেলা শাখার সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগের সঞ্চালনায় বক্তব্য দেন কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, কমিটির উপদেষ্টা সাংবাদিক মাহাবুব চান্দু, সহকারি অধ্যাপক লুতফর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, যুগ্ম সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ, সাহিত্য বিষয়ক সম্পাদক সোহেল রানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পী, বিজ্ঞান বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান, সদস্য মাহফুজ আলম ইমন প্রমুখ।

সভায় আগামি ১৫ দিনের মধ্যে বিশ্বব্যাপী করোনা মহামারী থেকে নতুন করে সচেতনতা করতে সামাজিক দূরত্ব বজায় রেখে পথ র্যালী করার সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে জেলা কমিটির অভিষেক অনুষ্ঠিত হয়। কমিটিতে সভাপতি অধ্যক্ষ একরামুল আযীম সভাপতি, সহসভাপতি লুতফর রহমান, রফিকুল ইসলাম, আব্দুর রকিব, আব্দুল্লাহ আল মাসুদ, সাধারণ সম্পাদক আল ইকরাম সোহাগ, যুগ্ম সাধারণ সম্পাদক শাওন আহমেদ, সাংগঠনিক সম্পাদক নাসিমুল জুনায়েদ, সহ সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ মুন্না, কোষাধাক্ষ আফসানা বিশ্বাস তিথি, দপ্তর সম্পাদক আসিফ ইকবাল শুভ, মহিলা বিষয়ক সম্পাদক শাহিনা ইসলাম ইভা, সাহিত্য সম্পাদক সোহেল রানা, প্রচার ও প্রকাশনা সম্পাদক ওমর ফারুক বাপ্পি, বিজ্ঞান সম্পাদক হাসানুজ্জামান, সদস্য আল মাসুম শেখ, মাহফুজ আলম ইমন, সাজিদুর রহমান, সালেহীন শাহেদ, ওবাইদুল্লাহ, ফয়সাল আহমেদ, সুজন শাহ, আদনান কাদির পিয়াল। এছাড়া প্রধান উপদেষ্টা কালের কষ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, উপদেষ্টা পদে সাংবাদিক মাহাবুব চান্দু, সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টু, শামীম জাহাঙ্গীর সেন্টু কে রাখাকে হয়েছে।

দর্শনা থানার ওসিকে প্রেসক্লাবের শুভেচ্ছা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল চতুর্থ বারের মতো চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ হিসেবে

মনোনীত হওয়ায় দর্শনা প্রেসক্লাবে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়েছে।

গতকাল সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা প্রেসক্লাবের নিজস্ব হলরুমে তাকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। গত শনিবার চুয়াডাঙ্গা পুলিশ লাইনের গ্রীল সেটে মাসিক কল্যাণ সভা এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জুলাই ও আগস্ট ২০২০ মাস সহ আগামী দিনগুলোতে ও এই সফলতা ধরে রাখার জন্য চুয়াডাঙ্গা জেলার মানবিক পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম ওসি মাহবুবুর রহমান কাজল অফিসার ইনচার্জ দর্শনা থানা এর হাতে উপহার হিসেবে ক্রেস্ট এবং নগদ ২০,০০০ টাকা এবং সম্মাননা সার্টিফিকেট তুলে দেন।

শুভেচ্ছা অনুষ্ঠানটি দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্হিত ছিলেন চারবারের শ্রেষ্ঠ মনোনীত দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল।

বিশেষ অতিথি ছিলেন দর্শনা থানার ওসি (তদন্ত) শেখ মাহবুবুর রহমান ছিলেন দর্শনা প্রেসক্লাবের সেক্রেটারি আওয়াল হোসেন, মাই টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা ব্যুারো প্রধান আহসান হাবীব মামুন, হারুন আর রশিদ রাজু,হানিফ মন্ডল, জাহিদুল ইসলাম, সুমন,মেহেদি হাসান,রয়েল,আব্দুর রহমান অনিক,আব্দুল হান্নান,বাধন,রিফাত, কচি, আফজালুল হক বাদল, ফরহাদ হোসেন সহ দর্শনা প্রেসক্লাবের সকল সাংবাদিক বৃন্দ।